

**B.A. 4th Semester (Honours) Examination, 2022 (CBCS)**

**Subject: Bengali**

**Course: CC-9**

**Time: 3hrs.**

**Full Marks: 60**

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক  
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে

**১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :**

**২x১০ =২০**

- (ক) 'হায় ! কেন আমি ইহাকে বিবাহ করিয়াছি'—কার আক্ষেপ? কেন এই আক্ষেপ?
- (খ) 'চন্দ্রশেখর' উপন্যাসের ভীমা পুষ্করিণীর অবস্থান কোন গ্রামে? শৈবলিনী এই পুকুরে কখন জল আনতে গিয়েছিল?
- (গ) 'চন্দ্রশেখর ব্রাহ্মণ এবং পণ্ডিত , কিন্তু ব্রাহ্মণ-পণ্ডিত নহেন' –কথাগুলির অর্থ লেখো।
- (ঘ) 'চন্দ্রশেখর' উপন্যাসে দলনী বেগমের পোষা কাকাতুয়া তাকে কী বলে গালি দিত? সেই গালি কাকাতুয়াকে কে শিখিয়েছিল?
- (ঙ) 'কিন্তু শুনিয়াছি, লোকে বড় মানুষ হইলে পূর্বকথা ভুলিয়া যায়' –কে, কাকে কথাটি বলেছিল?
- (চ) 'এ বাঘের যোগ্য বাঘিনী বটে' –বাঘ ও বাঘিনীর পরিচয় দাও।
- (ছ) 'জগদীশ্বর ! দুঃখ এত সুন্দর করিয়াছ কেন?' –কাকে দেখে কার এমন কথা মনে হল?
- (জ) 'বালকের ন্যায় কেহ ভালবাসিতে জানে না' –কথাটির অন্তর্নিহিত অর্থ লেখো।
- (ঝ) 'গণদেবতা' উপন্যাসের দেবনাথের পদবি কী ছিল ? সে কোন স্কুলে মাস্টারি করতো?
- (ঞ) 'গণদেবতা' উপন্যাসের পঞ্চগ্রাম কোন কোন গ্রাম নিয়ে?
- (ট) 'পৌষ আগলানো' কী?
- (ঠ) 'গণদেবতা' উপন্যাসের শ্রীহরি নিজের পদবি 'পাল' কেটে 'ঘোষ' করতে চেয়েছিল কেন?
- (ড) আকুলিয়া গ্রামের কাবুলী চৌধুরীর প্রকৃত নাম কি ছিল? লোকে তাকে কাবুলী বলতো কেন?
- (ঢ) 'রূপেণ তাই কুড়িয়ে গবাগব খেয়েছে। খেয়ে সনঝে থেকে 'নামুনে' হয়েছে'। 'নামুনে' শব্দের অর্থ কী? কী খেয়ে রূপেণের নামুনে হয়েছিল?
- (ণ) 'গণদেবতা' উপন্যাসে গ্রাম বাংলার মেয়েরা কোন বিশ্বাস নিয়ে অশোক ষষ্ঠীর ব্রত করে?

**২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :**

**৫x৪=২০**

- (ক) 'চন্দ্রশেখর' উপন্যাসে দলনী বেগমের বিশুদ্ধ প্রেমের শোচনীয় পরিণাম যথাযথ কি না বিচার করো।
- (খ) 'চন্দ্রশেখর' উপন্যাসে লরেন্স ফস্টার চরিত্রটির গুরুত্ব আলোচনা করো।
- (গ) 'চন্দ্রশেখর' উপন্যাসে তকি খাঁ চরিত্রটি নির্মাণে লেখক ইতিহাসের সত্য অপেক্ষা কল্পনার উপর নির্ভর করেছেন অধিক – মতটি বিচার করো।

- (ঘ) ‘গণদেবতা’ উপন্যাসে দেবনাথের স্ত্রীর নাম কী ছিল? সারল্য আর বিশ্বাস তার চরিত্রের প্রধান গুণ—ব্যাখ্যা করো।
- (ঙ) ‘গণদেবতা’ উপন্যাসে পাতু বায়েনের ঘরে কে আগুন দিয়েছিল? ওই অগ্নিকাণ্ডের ঘটনায় হরিজন পল্লির অবস্থা কেমন হল, তা নিজের ভাষায় লেখো।
- (চ) ‘স্বৈরিণী বিলাসিনীর মধ্যে এ রূপ কোথায় ছিল –কেমন করিয়া লুকাইয়া ছিল’—কার সম্পর্কে, কার উক্তি? প্রসঙ্গ উল্লেখ করে বক্তার এমন মনোভাবের কারণ নিজের ভাষায় লেখো।

৩। নিচের প্রশ্নগুলির উত্তর দাও :

১০X২=২০

(ক) ‘চন্দ্রশেখর’ উপন্যাসের নায়ক প্রতাপ, সমস্ত ঘটনার কেন্দ্রে শৈবলিনী; অথচ নাম-ভূমিকার গৌরব চন্দ্রশেখরের –এমন নামকরণ যুক্তিযুক্ত কি না বিচার করো।

অথবা

শৈবলিনী বাল্যে প্রিয়া, কৈশোরে জয়া এবং যৌবনে পুনরায় প্রিয়া – শৈবলিনীর এই তিন রূপের পরিচয় দাও।

(খ) ‘গণদেবতা’ উপন্যাসের দরিদ্র মানুষগুলির দৈনন্দিন জীবনযাত্রার পরিচয় দাও।

অথবা

‘দুর্গা! আহা দুর্গা বড় ভালো মেয়ে’ –দুর্গার সম্পর্কে এই কথাগুলি আনুপূর্বিক সত্য কি না তা নিজের ভাষায় স্পষ্ট করো।